ক্লায়েন্টের নাম	ACES আইডি নম্বর

হোম অ্যান্ড কমিউনিটি লিভিং অ্যাডমিনিস্ট্রেশন (HCLA) এবং ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ অ্যাডমিনিস্ট্রেশন (DDA)-এর দেওয়া পরিষেবাগুলো গ্রহণের ক্ষেত্রে আপনার অধিকার ও দায়িত্বসমূহ

Your Rights and Responsibilities When You Receive Services Offered by Home and Community Living Administration and Developmental Disabilities Administration

উপলব্ধ পরিষেবাসমূহ

আপনি যেসকল পরিষেবা পাওয়ার যোগ্য, সেগুলোর মধ্য থেকে আপনার পছন্দমতো পরিষেবা বেছে নেওয়ার অধিকার আপনার আছে। পরিষেবাগুলি স্বেচ্ছাধীন। হোম অ্যান্ড কমিউনিটি লিভিং অ্যাডমিনিস্ট্রেশন (HCLA) এবং ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ অ্যাডমিনিস্ট্রেশন (DDA) যেসকল পরিষেবার জন্য অর্থপ্রদান করতে পারে, তা আপনার সব ধরনের প্রয়োজনের জন্য সহায়ক নাও হতে পারে।

HCLA এবং DDA নিম্নলিখিত স্থানে পরিষেবা প্রদান করে থাকে:

- প্রাপ্তবয়স্কদের পারিবারিক আবাসন (Adult Family Home), সহায়তাপ্রাপ্ত বসবাসের সুবিধা (Assisted Living Facility), বর্ধিত পরিষেবা সুবিধা (Enhanced Services Facility), নার্সিং সুবিধা/নার্সিং হোম (Nursing Facility), ICF/IDs, সঙ্গীসহ আবাসন (Companion Home), শিশুদের ফস্টার হোম (Children's Foster Home), শিশুদের জন্য লাইসেন্সপ্রাপ্ত কর্মীসহ আবাসিক বাড়ি (Children's Licensed Staffed Residential Home); DDA গ্রুপ হোম, গ্রুপ ট্রেনিং হোম; অথবা
- অথবা কোনো ব্যক্তির নিজস্ব বাড়িতে। **দ্রষ্টব্য:** HCLA এবং DDA কোনো ব্যক্তির নিজস্ব বাড়িতে 24 ঘণ্টা/দিন বেতনের বিনিময়ে ব্যক্তিগত পরিচর্যা পরিষেবা প্রদান করে না। যদি 24 ঘণ্টা পরিচর্যার প্রয়োজন হয়, তবে পরিষেবার অন্যান্য বিকল্পগুলো বিবেচনা করা যেতে পারে।

আপনার এরিয়া এজেন্সি অন এজিং কেস ম্যানেজার, DDA কেস রিসোর্স ম্যানেজার, নার্স কেয়ার কনসালট্যান্ট, কেয়ার কনসালট্যান্ট, হোম অ্যান্ড কমিউনিটি সার্ভিসেস সোশ্যাল সার্ভিস স্পেশালিস্ট, বা HCS নার্সিং ফ্যাসিলিটি কেস ম্যানেজারকে এই নথিতে **কেস ওয়ার্কার** বলা হয়েছে।

আপনার অধিকারসমূহ

আপনার অধিকার রয়েছে:

- মর্যাদা ও সম্মানের সঙ্গে, কোনো ধরনের বৈষম্য ছাড়াই আচরণ পাওয়ার;
- আপনার সম্পত্তির প্রতি সম্মানজনক আচরণ পাওয়ার;
- আপনার পরিচর্যার পরিকল্পনা করার সময় আপনার কেস ওয়ার্কারের সঙ্গে অংশীদার হিসেবে কাজ করার;
- আপনি ইংরেজি ভাষা ভালোভাবে বলতে বা বুঝতে না পারলে বিনামূল্যে দোভাষী সেবা পাওয়ার;
- আইন এবং DSHS-এর নিয়মের সীমার মধ্যে আপনার সম্পর্কে থাকা তথ্য গোপন রাখা;
- আপনাকে এমন কোনো প্রশ্নের উত্তর দিতে বা এমন কিছু করতে বাধ্য না করা, যা আপনি করতে চান না;
- আপনি কী কী পরিষেবা পেতে পারেন সে সম্পর্কে সম্পূর্ণ তথ্য জানার এবং কোন পরিষেবাগুলো নিতে চান বা চান না, সে বিষয়ে নিজের পছন্দ অনুযায়ী সিদ্ধান্ত নেওয়ার;
- সংস্থার নেওয়া সিদ্ধান্তগুলো সম্পর্কে লিখিতভাবে অবগত হওয়ার এবং আপনার কেয়ার প্ল্যান বা সাপোর্ট প্ল্যানের সারসংক্ষেপের একটি কপি পাওয়ার;
- যাবতীয় পরিষেবা প্রত্যাখ্যান করার;
- আপনার পছন্দের যোগ্যতাসম্পন্ন পরিষেবা প্রদানকারীকে বেছে নেওয়া, পরিবর্তন করা বা তার পরিষেবা গ্রহণ বন্ধ করার;
- আপনার নির্বাচিত যেকোনো পরিষেবা প্রদানকারীর ব্যাকগ্রাউন্ড চেকের ফলাফল পাওয়ার;
- আপনার এবং আপনার কেস ওয়ার্কারের মধ্যে কোনো বিষয়ে মতের মিল না হলে, একজন সুপারভাইজারের সঙ্গে কথা বলার;
- যেকোনো সময় আপনি আপনার কেয়ার প্ল্যান তৈরির প্রক্রিয়া, কেয়ার প্ল্যান, পরিষেবা, অথবা বাড়ি ও কমিউনিটিভিত্তিক পরিষেবা ব্যবস্থায় (Home and Community-Based Setting) যে কোনো বিষয়ে অসন্তুষ্ট বা উদ্বিগ্ন হলে অথবা স্টেট বা পরিষেবা প্রদানকারীর কার্যক্রম নিয়ে অভিযোগ বা উদ্বেগ জানানোর। কোনো ধরনের প্রতিশোধমূলক আচরণের ভয় ছাড়াই অভিযোগ দায়ের করার অধিকার আপনার আছে। আপনি 1-800-737-0617নম্বরে কল করে, grievances@dshs.wa.gov-এ ইমেল পাঠিয়ে, অথবা যেকোনো DDA বা HCLA স্টাফ মেম্বারকে কীভাবে অভিযোগ দায়ের করতে হয় সে সম্পর্কে তথ্য চেয়ে একটি অভিযোগ বা উদ্বেগ জমা দেওয়ার অধিকার আফনার আছে;
- একটি অভিযোগ জানানো সত্ত্বেও একটি প্রশাসনিক শুনানির অনুরোধ করতে পারেন;
- আপনি একটি প্রশাসনিক শুনানির অনুরোধ করে থাকলেও ক্ষতির আশঙ্কা ছাড়াই অভিযোগ জানাতে পারেন;
- 1-888-201-1014 নম্বরে কল করে একজন অ্যাডভোকেটের সাথে কথা বলার; এবং
- নির্যাতিত, অবহেলিত, আর্থিকভাবে শোষিত বা পরিত্যক্ত না হওয়ার। এই পরিভাষাগুলোর বর্ণনার জন্য, ভিজিট করুন: https://www.dshs.wa.gov/altsa/home-and-community-services/types-and-signs-abuse। আপনি বা আপনার পরিচিত কেউ যদি নির্যাতিত, অবহেলিত বা শোষিত হন, তবে আপনাকে সাহায্য করতে পারেন এমন একজন কর্মীর সাথে কথা বলতে অনুগ্রহ করে DSHS-এর 1-866 (End Harm) /1-866-363-4276 টোল ফ্রি নম্বরে কল করুন।

Barcode label

16172

ক্লায়েন্টের নাম	ACES আইডি নম্বর

আপনার দায়িত্বসমূহ

আপনার দায়িত্ব হলো:

- কেস ওয়ার্কারকে আপনার পক্ষে সুবিধাজনক কোনো স্থানে বছরে অন্তত একবার আপনার অ্যাসেসমেন্ট (মূল্যায়ন) সম্পূর্ণ করতে দেওয়া;
- কেস ওয়ার্কারকে বছরে অন্তত একবার আপনার বসবাসের পরিবেশ দেখতে দেওয়া;
- আপনার মূল্যায়ন সম্পন্ন করতে এবং আপনার কেয়ার প্ল্যান সমন্বয়ে সহায়তা করার জন্য প্রয়োজনীয় তথ্য আমাদের দেওয়া;
- অন্য কেউ আপনার হয়ে চিকিৎসা বা আর্থিক বিষয়ে সিদ্ধান্ত নিলে তা আপনার কেস ওয়ার্কারকে জানানো;
- আপনার কেয়ার বা সাপোর্ট প্ল্যান তৈরির প্রক্রিয়ায় অংশ নেওয়া এবং তাতে স্বাক্ষর করা;
- সময়মতো আপনার কেস ওয়ার্কারের সঙ্গে যোগাযোগ করা এবং তার বার্তা বা অনুরোধের জবাব দেওয়া;
- আপনার নিজের স্বাস্থ্য-পরিচর্যা বেছে নেওয়া;
- একজন যোগ্য প্রদানকারী বেছে নেওয়া;
- প্রদানকারীর ব্যাকগ্রাউন্ড চেক গোপন রাখা;
- বুঝতে হবে যে অনুমোদনহীন পরিষেবা বা ঘণ্টার জন্য আপনার পরিষেবা প্রদানকারীকে অর্থ প্রদান করা যাবে না;
- আপনার পরিষেবা প্রদানকারীর সাথে আপনার কোনো সমস্যা হলে অথবা আপনার পরিষেবা প্রদানকারীর দাবি করা ঘণ্টা অনুযায়ী পরিষেবা না পেলে তা আপনার কেস ওয়ার্কারকে জানানো;
- আপনি যদি আপনার পরিচর্যার ব্যয়ে আংশিক অর্থ প্রদান করেন, তবে প্রতি মাসে আপনার পরিষেবা প্রদানকারীকে অর্থ প্রদান করা;
- একটি নিরাপদ কর্মপরিবেশ প্রদান করা;
- এমন কোনো আচরণ না করা যাতে কেউ বিপদে পড়ে;
- আপনি যদি আপনার ব্যক্তিগত পরিচর্যা প্রদানকারীর সাথে ওয়াশিংটন স্টেটের বাইরে ভ্রমণ করেন, তবে যাওয়ার আগে আপনার কেস ওয়ার্কারকে তা জানানো; এবং
- নিম্নলিখিত বিষয়গুলোতে কোনো পরিবর্তন হলে আপনার কেস ওয়ার্কারকে জানান:
  - ✓ আপনার স্বাস্থ্যের অবস্থা;
  - ✓ পরিবার, বন্ধুবান্ধব বা অন্যান্য সংস্থার কাছ থেকে আপনি যে সাহায্য পান;
  - ✓ আপনার আর্থিক পরিস্থিতি;
  - ✓ আপনি যেখানে পরিচর্যা গ্রহণ করছেন;
  - ✓ ওয়াশিংটন স্টেটে আপনি যেখানে বসবাস করেন; অথবা
  - ✓ আপনার বাসস্থান – আপনি অন্যত্র চলে যাওয়ার পরিকল্পনা করছেন, অথবা আপনি এখন ওয়াশিংটন স্টেটের বাইরে বসবাস করছেন।

কেস ওয়ার্কারের দায়িত্বসমূহ

আপনার কেস ওয়ার্কারের দায়িত্ব হলো:

- আপনার সাথে মর্যাদা ও সম্মানজনক আচরণ করা;
- আপনার গোপনীয়তা বজায় রাখা;
- HCLA এবং DDA আপনার জন্য কী করতে পারে বা কী করতে পারে না, তা আপনাকে স্পষ্ট করে জানানো;
- আপনার এবং প্রয়োজন অনুযায়ী অন্যদের কাছ থেকে তথ্য নিয়ে একটি মূল্যায়ন করা, যাতে আপনার কতটা সহায়তা প্রয়োজন তা নির্ধারণ করা যায় এবং আপনি কোন কোন পরিষেবা বেছে নিতে পারবেন তা ঠিক করা;
  - ✓ মূল্যায়নে আপনার সক্ষমতা, সীমাবদ্ধতা, লক্ষ্য এবং পছন্দগুলো বিবেচনা করা হবে;
  - ✓ এই মূল্যায়নে আপনি ইতিমধ্যেই যে সাহায্য পাচ্ছেন অথবা পরিবার বা অন্য কোনো সংস্থার কাছ থেকে পেতে পারেন এবং আপনি কীভাবে সেবাগুলো পেতে চান তা অন্তর্ভুক্ত করা হবে;
- এমন একটি কেয়ার প্ল্যান বা সাপোর্ট প্ল্যান তৈরি করতে আপনাকে সহায়তা করা, যা ব্যক্তিগত পরিচর্যার সহায়তাকে সম্বোধন করে এবং আপনার ব্যক্তিগত লক্ষ্য, পছন্দ ও নির্বাচনগুলো অন্তর্ভুক্ত করে;
- প্রতি বছর বা আপনার অবস্থার পরিবর্তন হলে আপনার কেয়ার প্ল্যান বা সাপোর্ট প্ল্যান আপডেট করার জন্য আপনার এবং অন্যদের কাছ থেকে তথ্য নেওয়া;
- যে তথ্যের প্রয়োজন তা দেওয়ার জন্য আপনাকে যথেষ্ট সময় দেওয়া;
- সমস্যা দেখা দিলে আপনার কেয়ার প্ল্যান বা সাপোর্ট প্ল্যান নিয়ে সেগুলোর সমাধান করা;
- আপনার অধিকারকে সম্মান দেওয়া এবং আপনার মানসিক, স্নায়বিক, সংবেদী বা শারীরিক প্রতিবন্ধিতা থাকলে পরিষেবাগুলো প্রাপ্তিতে আরও বেশি সাহায্য প্রদান করা; এবং
- আপনি নিজে খুঁজে না পেলে আপনাকে একজন যোগ্য পরিষেবা প্রদানকারী খুঁজে দিতে সাহায্য করা।

Barcode label

16172

ক্লায়েন্টের নাম	ACES আইডি নম্বর

অ্যাডভান্স ডিরেক্টিভস (আগাম চিকিৎসা নির্দেশনামা)

আপনার অ্যাডভান্স ডিরেক্টিভস (আগাম চিকিৎসা নির্দেশনামা) প্রস্তুত করার অধিকার রয়েছে। অ্যাডভান্স ডিরেক্টিভস-এর মধ্যে আপনার স্বাস্থ্য-পরিচর্যার জন্য লিভিং উইল অথবা দীর্ঘমেয়াদি পাওয়ার অব অ্যাটর্নি অন্তর্ভুক্ত থাকতে পারে। অ্যাডভান্স ডিরেক্টিভস -এ আপনার চিকিৎসা এবং/অথবা মানসিক স্বাস্থ্যসেবা সংক্রান্ত ইচ্ছাসমূহের বিবরণ থাকে, যার মধ্যে সিদ্ধান্ত নেওয়ার মতো মানসিক সক্ষমতা না থাকার সময়ে আপনার চিকিৎসা, মানসিক স্বাস্থ্যসেবা বা সার্জিক্যাল চিকিৎসা গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার অন্তর্ভুক্ত। আপনি যেকোনো সময় আপনার অ্যাডভান্স ডিরেক্টিভস বাতিল করতে পারেন।

ভোটার নিবন্ধন পরিষেবা

1993 সালের ন্যাশনাল ভোটার রেজিস্ট্রেশন অ্যাক্ট অনুযায়ী প্রতিটি স্টেটকে তাদের সরকারি জনকল্যাণমূলক সহায়তা কেন্দ্রগুলোর মাধ্যমে ভোটার নিবন্ধনের সুবিধা প্রদান করতে হবে। ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে আবেদন করা অথবা নিবন্ধন করতে অস্বীকার করা, এই সংস্থার দ্বারা আপনাকে প্রদান করা সেবাসমূহ বা সুবিধার পরিমাণকে প্রভাবিত করবে না। আপনি যদি ভোটার নিবন্ধন ফর্ম পূরণে সাহায্য চান, তবে আমরা আপনাকে সাহায্য করব। আপনার নিবন্ধন করা অথবা নিবন্ধন করতে অস্বীকার করার সিদ্ধান্ত গোপন রাখা হবে এবং তা কেবল ভোটার নিবন্ধনের উদ্দেশ্যেই ব্যবহার করা হবে। আপনি যদি বিশ্বাস করেন যে কেউ আপনার ভোট দেওয়ার জন্য নিবন্ধন করা বা নিবন্ধন করতে অস্বীকার করার অধিকার, নিবন্ধন করবেন কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে বা ভোট দেওয়ার জন্য নিবন্ধনের আবেদন করার ক্ষেত্রে আপনার গোপনীয়তার অধিকার, অথবা আপনার নিজের রাজনৈতিক দল বা অন্যান্য রাজনৈতিক পছন্দ বেছে নেওয়ার অধিকারে হস্তক্ষেপ করেছে, তবে আপনি এখানে একটি অভিযোগ দায়ের করতে পারেন:

Washington State Elections Office
PO Box 40229
Olympia WA 98504-0229
1-800-448-4881

আপনার স্বাক্ষর

আপনি যদি আপনার অধিকার ও দায়িত্বসমূহ বোঝেন এবং আপনার কেস ওয়ার্কারের দায়িত্বসমূহ বোঝেন, তবে নিচে স্বাক্ষর করুন।

ক্লায়েন্টের স্বাক্ষর	তারিখ
আইনি প্রতিনিধির স্বাক্ষর	তারিখ

গ্রাহক ও কর্মীদের জন্য বিজ্ঞপ্তি (Title VI এবং VII), ওয়াশিংটন স্টেট ডিপার্টমেন্ট অব সোশ্যাল অ্যান্ড হেলথ সার্ভিসেস (DSHS) হলো একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা এবং এটি কর্মসংস্থানের কোনো ক্ষেত্রে, এর প্রোগ্রাম বা পরিষেবাগুলোতে বয়স, লিঙ্গ, যৌন অভিমুখিতা, লিঙ্গ, লিঙ্গ পরিচয়/প্রকাশ, বৈবাহিক অবস্থা, জাতি, ধর্মমত, বর্ণ, জাতীয়তা, ধর্ম বা বিশ্বাস, রাজনৈতিক মতাদর্শ বা সংশ্লিষ্টতা, সামরিক মর্যাদা, সম্মানজনকভাবে অব্যাহতি পাওয়া সাবেক সেনাসদস্য, ভিয়েতনাম যুদ্ধের সময়কার সাবেক সেনাসদস্য, সম্প্রতি সামরিক বাহিনী থেকে অব্যাহতি পাওয়া ব্যক্তি বা আইন দ্বারা সুরক্ষিত অন্য কোনো বা অন্যান্য সুরক্ষিত প্রাক্তন সমরকর্মীর মর্যাদা, কোনো সংবেদী, মানসিক, শারীরিক প্রতিবন্ধকতার উপস্থিতি অথবা প্রতিবন্ধী ব্যক্তি দ্বারা প্রশিক্ষিত গাইড কুকুর বা সার্ভিস অ্যানিম্যাল ব্যবহার, সমান মজুরি বা জেনেটিক তথ্যের ভিত্তিতে কোনো বৈষম্য করে না।

Barcode label

16172

হোম অ্যান্ড কমিউনিটি লিভিং অ্যাডমিনিস্ট্রেশন (HCLA) এবং ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ অ্যাডমিনিস্ট্রেশন (DDA)-এর দেওয়া পরিষেবাগুলো গ্রহণের ক্ষেত্রে আপনার অধিকার ও দায়িত্বসমূহ

কেস ওয়ার্কারের জন্য নির্দেশাবলী

1. ক্লায়েন্টের অধিকার এবং দায়িত্বসমূহ সম্পর্কে যেকোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য ক্লায়েন্টের সাথে ফর্মটি পর্যালোচনা করুন। প্রাথমিক CARE অ্যাসেসমেন্টের (মূল্যায়নের) সময় (অথবা ফর্মটি স্বাক্ষরিত না হয়ে থাকলে সিগনিফিক্যান্ট চেঞ্জ/অ্যানুয়ালের সময়) ক্লায়েন্টের সাথে এটি পর্যালোচনা করুন। যদি ফর্মের কোনো আপডেট করা সংস্করণ থাকে, তবে ক্লায়েন্টকে দিয়ে আপডেট করা ফর্মটিতে স্বাক্ষর করান। কেস ওয়ার্কার দ্বারা উপস্থাপিত এবং ক্লায়েন্টের দ্বারা স্বাক্ষরিত সবচেয়ে সাম্প্রতিক ক্লায়েন্টের অধিকার ও দায়িত্বের ফর্মটি পূর্বে স্বাক্ষরিত ফর্মগুলোকে প্রতিস্থাপন করে।
2. হোম অ্যান্ড কমিউনিটি লিভিং অ্যাডমিনিস্ট্রেশন (HCLA) এবং ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ অ্যাডমিনিস্ট্রেশন (DDA)-এর দেওয়া সেবাসমূহ গ্রহণের ক্ষেত্রে ক্লায়েন্টের অধিকার ও দায়িত্বসমূহ বুঝতে পেরেছেন তা বোঝাতে ক্লায়েন্ট বা ক্লায়েন্টের প্রতিনিধিকে দিয়ে ফর্মটির দুটি কপিতে স্বাক্ষর করান।
3. একটি কপি ক্লায়েন্টের ইলেকট্রনিক কেস রেকর্ডে ফাইল করুন এবং অন্য কপিটি ক্লায়েন্টকে দিন।